



ঢাবিতে পঞ্চম ননফিকশন বইমেলা উদ্বোধন

প্রকাশিত: ১৩ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

বিশ্ববিদ্যালয় রিপোর্টার || শিক্ষার্থীদের মধ্যে ব্যবসা ও নন-ফিকশন বইয়ের পরিচিতি বাড়ানো এবং এ ধরনের বই পড়তে আগ্রহী করে তোলার উদ্দেশ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ৫ম ননফিকশন বইমেলা।

মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারজ্জামান বেলুন উড়িয়ে তিনদিনব্যাপী এ মেলার উদ্বোধন করেন। ঢাবি ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তার যৌথ আয়োজনে এই বইমেলায় ২৬টি প্রকাশনা সংস্থা অংশ নিয়েছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে বইমেলা। বণিক বার্তা সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদের সভাপতিত্বে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রূবাইয়াতুল ইসলামসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিভিকেট সদস্য, বিভিন্ন সরকারী ও বেসরকারী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মোঃ আখতারজ্জামান বলেন, আমাদের দেশে বিভিন্ন ধরনের বইমেলা আয়োজিত হয়। তবে ননফিকশন নিয়ে আয়োজিত এ বইমেলার আলাদা বিশেষত রয়েছে। বিশেষ করে শিক্ষক-শিক্ষার্থীদের জন্য এ বইমেলা বেশ গুরুত্ববহু। তাদের একাডেমিক কাজে সহায়ক প্রত্ত্বগুলো বিশ্ববিদ্যালয় অঙ্গনে নিয়ে এসেছে এ মেলা। তবিষ্যতেও এ মেলা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ পার্ক, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com